

এসবিএসি ব্যাংক পিএলসি.

পাবলিক রিলেশন্স ডিভিশন

স্মারক নং এসবিএসি/পিআরডি-এইচও/২০২৬/০১-০৪

তারিখ: ২৪ জানুয়ারি, ২০২৫



এসবিএসি ব্যাংকের বার্ষিক ব্যবসা উন্নয়ন সম্মেলন অনুষ্ঠিত

এসবিএসি ব্যাংক পিএলসির বার্ষিক ব্যবসা উন্নয়ন সম্মেলন ২০২৬-এ প্রধান অতিথি ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ মোখলেসুর রহমান। শুক্র ও শনিবার (২৩-২৪ জানুয়ারি, ২০২৬) গাজীপুরের সারাহ রিসোর্টে সম্মেলনে সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী এস.এম. মঈনুল কবীর। সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের পরিচালক মোহাম্মদ আইয়ুব, একেএম দেলওয়ার হুসেন এফসিএমএ ও মেজর জেনারেল (অব.) শাহেদুল হক, স্বতন্ত্র পরিচালক প্রফেসর মোঃ মাকসুদুর রহমান সরকার এফসিএমএ এবং জিয়াউর রহমান জিয়া এফসিএ। বিজনেস সেশন পরিচালনা করেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ রবিউল ইসলাম ও উপব্যবস্থাপনা পরিচালক মোঃ আলতাফ হোসেন ভূঁইয়া। সম্মেলনে ব্যাংকের শীর্ষ নির্বাহী, বিভাগীয় প্রধান, শাখা ব্যবস্থাপক এবং উপশাখার ইনচার্জবৃন্দ অংশগ্রহণ করেন।

সম্মেলনে জানানো হয়, এসবিএসি ব্যাংকের ২০২৫ সাল শেষে আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১০ হাজার ৮০০ কোটি টাকা এবং ঋণ দাঁড়িয়েছে নয় হাজার ৪৪৫ কোটি টাকা। বর্তমানে ব্যাংকের পরিশোধিত মূলধন দাঁড়িয়েছে ৮২৪ কোটি টাকা।

সম্মেলনে ব্যাংকের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ মোখলেসুর রহমান বলেন, ব্যাংকিং খাত গতকয়েক বছরে চলমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ নানামুখী চ্যালেঞ্জের মুখে পড়েছে। এসবিএসি ব্যাংক সেসব সীমাবদ্ধতা মোকাবেলা তার আর্থিক সূচক স্থিতিশীল রাখতে সক্ষম হয়েছে। আমাদের ব্যাংকে কোনো তারল্য সমস্যা হয়নি, এ জন্য গ্রাহক তার চাহিদামতো অর্থ উত্তোলন করতে পেরেছে। এসবিএসি ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সাথে তাদের কার্যক্রম পরিচালনা করায় আর্থিক সূচকে টেকসই অগ্রগতি অর্জন করেছে। যার ফলশ্রুতিতে চতুর্থ প্রজন্মের ব্যাংক হয়েও আমরা আর্থিকসূচকগুলোতে ভালো একটা ভিত গড়তে সক্ষম হয়েছি। তিনি জানান, পর্ষদের পক্ষ থেকেও আমরা সবধরনের নীতি ও কৌশলগত পরিকল্পনা প্রণয়নে সহায়তা দিয়ে আসছি। আমরা মুনাফা অর্জনকে বড় করে না দেখে সুশাসন প্রতিষ্ঠা ও ব্যাংকিং নিয়মাতার পরিপালনের সংস্কৃতি গড়ে তোলার চেষ্টা করছি। পাশাপাশি ব্যাংকের আমানত সুরক্ষা নিশ্চিত করে আমরা বন্ধপরিচর।

তিনি আরও বলেন, ব্যাংকারদের গতানুগতিক ধ্যানধারণা থেকে বেরিয়ে এসে উদ্যোক্তা তৈরির মনোভাব নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। যাতে সমাজে ব্যাপকভাবে কর্মসংস্থান সৃষ্টি হয়। আমরা কৃষি, এসএমই, নারীউদ্যোক্তাদের ঋণ প্রদানে অগ্রাধিকার দিতে দিতে চাই। পাশাপাশি রেমিট্যান্স আহরণ ও বৈদেশিক বাণিজ্যেও সমান গুরুত্বারোপ করতে হবে। আমরা গ্রাহকের সম্ভ্রান্তিকে সর্বাধিক প্রাধান্য দিয়ে কাজ করে থাকি। মোখলেসুর রহমান বলেন, আমি বিশ্বাস করি, আমানতকারীরাই ব্যাংকের প্রকৃত মালিক, আমরা শুধুমাত্র তাদের স্বার্থ রক্ষায় আমানতদারিতার সঙ্গে কর্তব্য পালন করছি। সম্মেলনে শরিয়াহ যথাযথ পালনে এসবিএসি ইসলামী ব্যাংকিং সেবার পরিসর বৃদ্ধির প্রতিশ্রুতি ব্যক্ত করেন তিনি।

ব্যবস্থাপনা পরিচালক এস.এম. মঈনুল কবীর বলেন, নতুন বছরে এসবিএসি ব্যাংকের আর্থিক স্থিতিশীলতার শক্তভিত গড়ে দীর্ঘমেয়াদে টেকসই প্রবৃদ্ধি অর্জনকে সর্বাধিক প্রাধান্য দেওয়া হবে। আমরা রিটেইল ব্যাংকিং ও কার্ড বিজনেসকে মূল ফোকাস রেখে প্রত্যেক সূচকে উন্নতির জন্য অ্যাসেস্ট কোয়ালিটি বৃদ্ধি করা হবে। তিনি ডিজিটাল ব্যাংকিং সেবায় গ্রাহকবান্ধব সর্বোচ্চ আধুনিকায়নের উদ্যোগ এবং তরুণ প্রজন্মকে ব্যাংকিং সেবায় অন্তর্ভুক্ত করার কৌশলের ঘোষণা দেন। তিনি জানান, এসবিএসি ব্যাংক দ্রুততম সময়ের মধ্যে সারাদেশে ৯০টি শাখা ও ৩২টি উপশাখা এবং এজেন্ট ব্যাংকিংয়ের ৩৭টি আউটলেটের মাধ্যমে ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে সক্ষম হয়েছে।

এসবিএসি ব্যাংক পিএলসি.

পাবলিক রিলেশন্স ডিভিশন

Caption:

Engr. Md. Moklesur Rahman, Chairman of SBAC Bank PLC. was the chief guest at the Annual Business Development Conference 2026 at Sarah Resort in Gazipur on Friday-Saturday January 23-24, 2026. S.M. Mainul Kabir, Managing Director and CEO of the Bank presided over the conference. Among others, Bank's Director Mohammed Ayub, A.K.M. Delwer Hussain FCMA and Maj. Gen. (Retd.) Shahedul Haque, psc; Independent Director Prof. Md. Maksudur Rahman Sarkar FCMA & Ziaur Rahman Zia FCA. The bank's Additional Managing Director Md. Rabiul Islam, Deputy Managing Director Md. Altaf Hossain Bhuyan conducted the business session. Bank's Senior Executives, Divisional Heads and Branch Managers & Sub-Branch In-charges participated at the Conference.

With Best regards,



(Md. Asadullahil Galib)

Head of Public Relations Division

Contact No. 01787693708